**Office of the Physical Education**
Shahjalal University of Science and technology
Sylhet-3114Bangladesh
Phone#0821-714479/713850/717850 Ext.214(0)
Res.317(R) Fax.821-715257 email.ped@Sust

**শারীরিক শিক্ষা দপ্তর**
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সিলেট-৩১১৪, বাংলাদেশ
ফোনঃ ০৮২১-৭১৩৮৫০/৭১৭৮৫০ বর্ধিত-২১৪
(অফিস), ৩১৭ (বাসা) ফ্যাক্সঃ৮৮০-৮২১-৭১৫২৫৭

স্মারক নং পিই/০৩২/২০২৫ তারিখঃ- ১৪/১০/২০২৫

## সংশোধনী বিজ্ঞপ্তি

খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী **অনিবার্য কারণবশত; আন্তঃবিভাগ ফুটবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা'২৫ আগামী ২২ অক্টোবরের - ২০২৫ এর পরিবর্তে আগামী ১৯ নভেম্বর-২০২৫ হতে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে** অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ছাত্র খেলোয়াড় ১৬ সদস্য ও ১ জন ম্যানেজার এবং ছাত্রী খেলোয়াড় ১২ সদস্য ও ১জন ম্যানেজার বিশিষ্ট ফুটবল দল গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় প্রধানগনকে সবিনয় অনুরোধ করা হলো। উক্ত প্রতিযোগিতায় আপনার বিভাগের **ফুটবল ছাত্র ও ছাত্রী দল অংশগ্রহণ করবে কিনা পৃথক পৃথক ভাবে** আগামী **১২/১১/২০২৫ ইং** তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। উল্লেখিত তারিখের মধ্যে যদি আপনার বিভাগ হতে কোন সম্মতিপত্র পাওয়া না যায় তাহলে ধরে নেওয়া হবে যে, আপনার বিভাগের ফুটবল দল অংশগ্রহণ করবে না।

ফুটবল প্রতিযোগিতা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার সুবিধার্থে খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতির সভাপতিত্বে এবং বিভিন্ন বিভাগের মনোনীত ফুটবল দলের ম্যানেজার (শিক্ষক) ও অধিনায়ককে নিয়ে **আগামী ১৬/১১/২০২৫ তারিখ সকাল ১০.৩০ টায় শারীরিক শিক্ষা দপ্তরে** এক সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় আপনার বিভাগের ম্যানেজার ও অধিনায়ককে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

**বিঃদ্রঃ- ক) বুট (ছাত্র), ফুটসাল কেড্স (ছাত্রী) পরে খেলায় অংশগ্রহণ করতে হবে।**

**খ) সংযুক্ত ফরম পুরণ পূর্বক ছাত্রদের ২০ জন এবং ছাত্রীদের ১৪ জনের নামের তালিকা আগামী ১২/১১/২৫ তারিখের মধ্যে ম্যানেজার ও বিভাগীয় প্রধানের সিল ও স্বাক্ষরসহ অবশ্যই জমা দিতে হবে।**

(চৌধুরী সউদ-বিন-আম্বিয়া) ১৪/১০/২৫
পরিচালক
শারীরিক শিক্ষা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। সভাপতি, খেলাধুলা ও ক্রীড়া কমিটি, শাবিপ্রবি, সিলেট।
০২। প্রো-ভাইস চ্যান্সেলর, শাবিপ্রবি, সিলেট।
০৩। কোষাধ্যক্ষ মহোদয়, শাবিপ্রবি, সিলেট।
০৪। ডিন,স্কুল অব সোশ্যাল সায়েন্সেস, ফিজিক্যাল সায়েন্সেস, এপলাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি, এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস, ম্যানেজম্যান্টে এন্ড বিজনেস এডমিনিষ্ট্রেশন, লাইফ সায়েন্সেস, মেডিক্যাল সায়েন্সস, শাবিপ্রবি।
০৫। সভাপতি, খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটি, শাবিপ্রবি, সিলেট।
০৬। বিভাগীয় প্রধানঃ পদার্থ বিজ্ঞান/রসায়ন/গণিত/পরিসংখ্যান/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিঃ/কেমিক্যাল ইঞ্জিঃ এন্ড পলিমার সায়েন্স/অর্থনীতি/সমাজবিজ্ঞান/সমাজকর্ম/পলিটিক্যাল ষ্টাডিজ/লোক প্রশাসন/সিইই/আইপিই/নৃবিজ্ঞান/ফরেষ্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স/ ব্যবসাপ্রশাসন/ইংরেজি/এফইটি/জেনেটিক্স ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি/পিএমই/আর্কিটেকচার/বাংলা/জিইই/ইইই/বিএমবি/এমইই/এস ডব্লিউ ই এবং ওসিজি বিভাগ।
০৭। পরিচালক, ছাত্র উপদেশ ও নির্দেশনা, শাবিপ্রবি, সিলেট।
০৮। প্রক্টর, শাবিপ্রবি, সিলেট।
০৯। রেজিস্ট্রার, শাবিপ্রবি, সিলেট
১০। কেন্দ্রীয় ছাত্র সংসদের কোষাধ্যক্ষ, শাবিপ্রবি, সিলেট।
১১। প্রভোস্ট সকল হল, শাবিপ্রবি, সিলেট।
১২। হিসাব পরিচালক, (অর্থ ও হিসাব) শাবিপ্রবি, সিলেট।
১৩। প্রশাসক, মেডিকেল সেন্টার, শাবিপ্রবি, সিলেট।
১৪। পরিবহন প্রশাসক, শাবিপ্রবি, সিলেট।
১৫। পি.আর ও জনসংযোগ দপ্তর, শাবিপ্রবি, সিলেট।
১৬। ভাইস চ্যান্সেলর মহোদয়ের সচিব, শাবিপ্রবি, সিলেট।
১৭। নোটিশ বোর্ডঃ প্রভোস্ট সকল হল, শাবিপ্রবি, সিলেট।
১৮। নথি।

১৪/১০/২৫
পরিচালক
শারীরিক শিক্ষা দপ্তর।

# আন্তঃবিভাগ ফুটবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা-২০২৫

## শারীরিক শিক্ষা দপ্তর।

## প্রাথমিক খেলোয়াড়ের (ছাত্র) নামের তালিকা

তারিখ:------------------------

বিভাগের নামঃ------------------------------------------------------------------------------------------


দলপতির নামঃ------------------------------------------------------------------------------------------

| ক্রমিক নং | নাম | রেজিঃ | বর্ষ ও সেমিঃ |
|---|---|---|---|
| ০১ | | | |
| ০২ | | | |
| ০৩ | | | |
| ০৪ | | | |
| ০৫ | | | |
| ০৬ | | | |
| ০৭ | | | |
| ০৮ | | | |
| ০৯ | | | |
| ১০ | | | |
| ১১ | | | |
| ১২ | | | |
| ১৩ | | | |
| ১৪ | | | |
| ১৫ | | | |
| ১৬ | | | |
| ১৭ | | | |
| ১৮ | | | |
| ১৯ | | | |
| ২০ | | | |

**বিঃদ্রঃ** আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে,উপরোল্লিখিত খেলোয়াড়বৃন্দ আমার বিভাগের বর্তমানে নিয়মিত ছাত্র/ছাত্রী হিসেবে ভর্তি আছে।

বিভাগীয় প্রধানের নামঃ............................................................স্বাক্ষর ও সীল........................................

টিম ম্যানেজারের নামঃ............................................................স্বাক্ষর ও সীল........................................



শারীরিক শিক্ষা

# আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা-২০২৫

## "বাইলজ (ছাত্র)"

০১। খেলা ফিফা, বাংলাদেশ ফুটবল ফেডারেশন ও আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া সংস্থার আইন অনুযায়ী পরিচালিত হবে।

০২। কোন দল যদি নির্দিষ্ট সময়ের মধ্যে মাঠে না আসে তবে উক্ত দলকে আরো ১৫ মিনিট সময় দেয়া হবে। কিন্তু ১৫ মিনিট সময়ের মধ্যে খেলার উপযোগী পোষাকে যদি মাঠে না আসে তবে বিপক্ষ দলকে "ওয়াক ওভার" দেয়া হবে।

০৩। খেলার রেফারী, সহকারী রেফারী, চতুর্থ রেফারী ও খেলা চলাকালীন রেফারীর সিদ্ধান্তের ব্যাপারে কোন প্রকার মোবাইল ও ক্যামেরার ভিডিও ফুটেজ গ্রহনযোগ্য হবে না। রেফারীর সিদ্ধান্তই চূড়ান্ত এবং রেফারীর সিদ্ধান্তকে অগ্রাহ্য করে যদি কোন বিভাগ খেলতে অসম্মতি জানায় অথবা মাঠ ত্যাগ করে তবে বিপক্ষ দল বিজয়ী বলে বিবেচিত হবে। মাঠের অবস্থা সম্বন্ধে কোন প্রকার অভিযোগ গ্রহন করা হবে না।

০৪। প্রতিটি **খেলা ২৫+৫+২৫=৫৫ মিনিট** অনুষ্ঠিত হবে।

০৫। বন্ধের দিনসমুহেও খেলা অনুষ্ঠিত হবে।

০৬। প্রত্যেক **দল ১৬ জন খেলোয়াড়** নিয়ে দল গঠন করবে।

০৭। আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতায় বল যখন খেলার বাইরে থাকবে তখন রেফারীর অনুমতি সাপেক্ষে যেকোন ৫(পাঁচ) জন খেলোয়াড় বদল করা যাবে। তবে বদলী খেলোয়াড় ঐ খেলায় দ্বিতীয়বার খেলতে পারবেনা।

০৮। খেলার উপযোগী পোষাক নিয়ে খেলতে হবে। খেলোয়াড়ী পোষাক (জার্সি), বুট, হুজ ও সিনগার্ড ছাড়া কোন দল খেলায় অংশগ্রহণ করতে পারবেনা। জার্সিতে সামনে ও পিছনে নাম্বার থাকতে হবে।

০৯। ক) কোন দলের খেলোয়াড় পরপর ২(দুই) ম্যাচ হলুদ কার্ড পেলে তৃতীয় ম্যাচ খেলতে পারবে না।

খ) কোন দলের খেলোয়াড় লাল কার্ড পেলে পরবর্তী ম্যাচ খেলতে পারবে না।

১০। প্রতিটি দল তাদের খেলার পূর্বে বিভাগীয় প্রধানের মনোনীত ম্যানেজার (শিক্ষক) কর্তৃক স্বাক্ষরিত খেলোয়াড়বৃন্দের নামের তালিকা (পূর্ণ নাম, বর্ষ, বিভাগ, রোল নং সহ) ৪র্থ রেফারির নিকট জমা দিতে হবে।

১১। যদি কোন খেলা (আবহাওয়া/ প্রাকৃতিক দুর্যোগ/ আলোর স্বল্পতা ইত্যাদি কারণে) সম্পন্ন হতে না পারে তাহলে উক্ত খেলার বাকী সময় পরবর্তী সময়ে অনুষ্ঠিত হবে। খেলা পরিত্যক্ত/বন্ধ হওয়ার পূর্বের ফলাফল অপরিবর্তিত থাকবে। এ ব্যাপারে কোন আপত্তি গৃহিত হবে না। পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১২। **নক-আউট পদ্ধতিতে নির্ধারিত সময়ের মধ্যে খেলা ড্র হলেঃ**

ক) টাইব্রেকারের মাধ্যমে খেলার ফলাফল নির্ধারণ করা হবে।

খ) যদি প্রথম পাঁচ শট শেষে গোল সমান থাকে তখন **"সাডেন ডেথ পেনাল্টিস"** এর মাধ্যমে খেলার ফলাফল নির্ধারণ করা হবে।

১৩। কোন খেলার তারিখ বা সময় পরিবর্তন করা বা স্থগিত রাখার আবেদন গৃহিত হবে না।

১৪। মাঠে আইন-শৃঙ্খলা রক্ষার জন্য সংশ্লিষ্ট দলের ম্যানেজার ও শিক্ষকবৃন্দ তাদের খেলায় মাঠে উপস্থিত থেকে খেলা পরিচালনায় সহায়তা করার জন্য অনুরোধ করা হচ্ছে।

১৫। খেলা সংক্রান্ত কোন বিষয় যদি খেলার আইনের আওতায় না আসে তবে সে ব্যাপারে পরিচালনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। কোন দল প্রতিযোগিতায় অংশগ্রহন করে যদি খেলতে না আসে অথবা **"ওয়াক ওভার"** দেয় তবে সেই দলকে উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না এবং প্রতিপক্ষকে ২-০ গোলে বিজয়ী বলে ঘোষণা করা হবে।

১৭। কমিটি প্রয়োজনবোধে খেলার তারিখ, সময় ইত্যাদি পরিবর্তন করতে পারবেন।

১৮। প্রতিযোগিতায় যদি কোন প্রতিযোগী দলের খেলোয়াড়, সমর্থক অথবা বিশ্ববিদ্যালয়ের যে কোন ছাত্র/ ছাত্রী দ্বারা রেফারিদের সঙ্গে দুর্ব্যবহার বা তাদের আচরণে খেলাধুলা পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হয়,অথবা খেলা বন্ধ করতে হয় তবে এসব ক্ষেত্রে খেলা পরিচালনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

চেয়ারম্যান